

ডায়েরী নং- ৩৮/১০৫/০২৭.০৪.০২.০৯৬.২০১৫- ৩১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
তদন্ত ও শৃঙ্খলা শাখা
মিরপুর-২, ঢাকা- ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.১০৫.০২৭.০৪.০২.০৯৬.২০১৫- ৩১৪

তারিখঃ ২৭ শ্রাবন ১৪২৩।
১১ আগস্ট ২০১৬।

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ হারুন-অর-রশিদ, উপজেলা শিক্ষা অফিসার (চ.দা.), বরুড়া, কুমিল্লা-এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (এ) ও ৩ (বি) উপবিধি অনুযায়ী অদক্ষতা ও অসদাচরণের অভিযোগে ০১.০৬.২০১৬ তারিখে বিভাগীয় মামলা (বিমা-০৯/১৬) রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ১৯.০৬.২০১৬ তারিখে লিখিত জবাব দাখিল করেন এবং ২৭/০৭/২০১৬ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়; এবং

যেহেতু, তাঁর দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য এবং বিভাগীয় মামলার প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনায় দেখা যায় অনিবার্য কারণবশত: শিক্ষা কমিটির সভা অনুষ্ঠিত হয়নি, পরবর্তীতে সকল সভা নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে; এবং

যেহেতু, সার্বিক অবস্থা বিবেচনাপূর্বক অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলা নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব মোঃ হারুন-অর-রশিদ, উপজেলা শিক্ষা অফিসার (চ.দা.), বরুড়া, কুমিল্লাকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭ (২)(এ) উপবিধি মোতাবেক অভিযোগ নিষ্পত্তিপূর্বক বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

৩১.৮.২০১৬
মোঃ আলমগীর
মহাপরিচালক

স্মারক নং- ৩৮.১০৫.০২৭.০৪.০২.০৯৬.২০১৫- ৩১৪/১১

তারিখঃ ২৭ শ্রাবন ১৪২৩।
১১ আগস্ট ২০১৬।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলোঃ

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ: উপ-সচিব (প্রশাসন-১)
২. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
৩. পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪. উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫. উপপরিচালক (তঃ ও শৃঃ/প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৬. উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৭. সিস্টেম এনালিস্ট, আইএমডি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রজ্ঞাপনটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৮. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কুমিল্লা।
৯. জনাব মোঃ হারুন-অর-রশিদ, উপজেলা শিক্ষা অফিসার (চ.দা.), বরুড়া, কুমিল্লা।
১০. উপজেলা হিসাব রক্ষণ অফিসার, বরুড়া, কুমিল্লা।
১১. পিএটু, মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. সংরক্ষণ নথি।

IMD
৪ নং
২১/০৮/১৬

৩১.৮.২০১৬
(রিফাত পারভীন)
সহকারী পরিচালক (তঃ ও শৃঃ)